মুজিব বর্ষের আহবান''
দক্ষ হয়ে বিদেশ যান''

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড
প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২, পুরাতন এলিফ্যান্ট রোড
ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা-১০০০
www.wewb.gov.bd

নং-৪৯.০৪.০০০০.০০৪.১৮.১১৬.২০- ৯১৩ তারিখ: ২৩ জুলাই ২০২০

বিষয় : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের জুন ২০২০ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : মোঃ হামিদুর রহমান
মহাপরিচালক (অতিরিক্ত সচিব), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড।

স্থান : ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর সম্মেলন কক্ষ।

তারিখ ও সময় : ০৮ জুলাই ২০২০, সকাল- ১১.০০ টা।

উপস্থিতি : পরিশিষ্ট ''ক''।

ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের "জুন ২০২০" মাসের মাসিক সমন্বয় সভা Zoom Cloud Meeting এর মাধ্যমে অনুষ্ঠিত হয়। সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর, সভাপতির অনুমতিক্রমে পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) জনাব শোয়াইব আহমাদ খান বিগত সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করেন এবং সভার কার্যবিবরণী সঠিকভাবে লিপিবদ্ধ হওয়ায় তা দৃঢ়ীকরণ করা হয়। বিগত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি নিয়ে আলোচনা হয় এবং বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয় :

ক্রম	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
১.০	আর্থিক অনুদান ও ক্ষতিপূরণ সংক্রান্ত নির্ধারিত "ছক" এর উপর আলোচনা।	প্রবাসী কর্মীর পরিবারকে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড হতে আর্থিক অনুদান ও বিদেশস্থ নিয়োগকর্তার নিকট হতে প্রদত্ত মৃত্যুজনিত ক্ষতিপূরণ, বকেয়া বেতন ও অন্যান্য পাওনাদি বিতরণ সংক্রান্ত নির্ধারিত "ছক" এ উল্লিখিত তথ্যের উপর বিস্তারিত আলোচনা হয়। প্রাপ্ত কেইসের চেয়ে নিষ্পত্তির পরিমাণ কম হওয়ার নিষ্পত্তির পরিমান বৃদ্ধির জন্য সংশ্লিষ্ট সকলকে মহাপরিচালক নির্দেশনা প্রদান করেন এবং করোনা ভাইরাসের অজুহাত দেখিয়ে কাজে অবহেলা না করে স্বাভাবিক কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখতে সংশ্লিষ্ট সকলকে আহবান জানান।	করোনার অজুহাতে কাজে অবহেলা না করে স্বাভাবিক কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।	পরিচালক (অর্থ ও কল্যাণ) ও পরিচালক (আইআরপি)
২.০	মোবাইল অ্যাপস চালু।	বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের প্রদত্ত সেবাসমূহ সহজে দ্রুততম সময়ে প্রবাসী কর্মীর পরিবারের নিকট পৌঁছে দেয়ার লক্ষ্যে প্রস্তাবিত মোবাইল অ্যাপস তৈরীর বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এর প্রদত্ত সেবাসমূহ সহজে দ্রুততম সময়ে প্রবাসী কর্মীর পরিবারের নিকট পৌঁছে দেয়ার লক্ষ্যে প্রস্তাবিত মোবাইল অ্যাপস তৈরী সম্পর্কিত প্রয়োজনীয় তথ্যাদি আগামী ১০ দিনের মধ্যে পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) এর নিকট উপস্থাপন করতে হবে।	সংশ্লিষ্ট কমিটি
৩.০	প্রবাসী কর্মীর প্রতিবন্ধি সন্তানদের জন্য বিশেষ ভাতা স্কীম চালুকরণ।	বিগত সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রবাসী কর্মীর প্রতিবন্ধী সন্তানদের বিশেষ ভাতা প্রদানের লক্ষ্যে প্রস্তুতকৃত নীতিমালা মহাপরিচালকের অনুমোদন সাপেক্ষে পরবর্তী বোর্ড সভায় উপস্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়।	প্রবাসী কর্মীর প্রতিবন্ধী সন্তানদের বিশেষ ভাতা প্রদানের লক্ষ্যে প্রস্তুতকৃত নীতিমালা মহাপরিচালকের অনুমোদন সাপেক্ষে পরবর্তী বোর্ড সভায় উপস্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	সংশ্লিষ্ট কমিটি

ক্রম	বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী কর্মকর্তা
৪.০	কনফারেন্স রুম সম্প্রসারণ।	ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের বিদ্যমান কনফারেন্স রুমে প্রস্তাবিত ড্রয়িং ডিজাইন অনুযায়ী বর্ধিত স্পেসে কনফারেন্স রুম তৈরীর লক্ষ্যে প্রস্তুতকৃত প্রাক্কলন অনুযায়ী দ্রুত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরবর্তী বোর্ড সভায় উপস্থাপনের বিষয়ে আলোচনা হয়।	ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ডের বিদ্যমান কনফারেন্স রুমের প্রস্তুতকৃত প্রাক্কলন অনুযায়ী দ্রুত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পরবর্তী বোর্ড সভায় উপস্থাপনের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	পরিচালক (প্রশাসন ও উন্নয়ন) ও পরিচালক (অর্থ ও কল্যাণ)
৫.০	পেন্ডিং কাজসমূহ দ্রুত নিষ্পত্তি।	প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীদের পেন্ডিং কাজের তালিকা প্রস্তুত করে স্ব-স্ব পরিচালকের নিকট উপস্থাপন করতে হবে এবং পেন্ডিং কাজের সাপ্তাহিক রিপোর্ট সংশ্লিষ্ট পরিচালকের নিকট উপস্থাপন করতে হবে মর্মে সভায় আলোচনা হয়।	প্রত্যেক কর্মকর্তা/কর্মচারীদের পেন্ডিং কাজের তালিকা সংশ্লিষ্ট পরিচালকের নিকট প্রতি সপ্তাহে উপস্থাপন করতে হবে ।	পরিচালক (সকল)
৬.০	সভা অনুষ্ঠান।	বোর্ডের কার্যক্রমে আরো অধিকতর স্বচ্ছতা ও গতিশীলতা আনয়নের জন্য প্রতি মাসের প্রথম এবং শেষার্ধে ২টি জুম মিটিং করা যায়। তাছাড়া আগামী ২৮ জুলাই ২০২০ তারিখে আরো একটি জুম মিটিং (Zoom Cloud Meeting) অনুষ্ঠানের বিষয়ে আলোচনা হয়।	বোর্ডের কার্যক্রমে আরো অধিকতর স্বচ্ছতা ও গতিশীলতা আনয়নের জন্য প্রতি মাসের প্রথম এবং শেষার্ধে ২টি জুম মিটিং করতে হবে। তাছাড়া আগামী ২৮ জুলাই ২০২০ তারিখে আরো একটি জুম মিটিং (Zoom Cloud Meeting) করতে হবে।	পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)
৭.০	ডেসপাসে কাজের বিলম্ব প্রেরণ	ডেসপাস শাখায় প্রাপ্ত ডাকসমূহ সংশ্লিষ্ট শাখায় প্রেরণ বিলম্বিত হওয়ায় এবং সম্প্রতি প্রবাসী কর্মীর সন্তানদের বহু সংখ্যক বৃত্তির আবেদন বিলম্বে সংশ্লিষ্ট শাখায় প্রেরণের বিষয়ে সংশ্লিষ্ট কর্মচারীদের নিকট এর কারণ দর্শানোর নোটিশ প্রদানের বিষয়ে সভায় আলোচনা হয়।	ডেসপাস শাখায় প্রাপ্ত ডাকসমূহ সংশ্লিষ্ট শাখায় প্রেরণ বিলম্বিত হওয়ায় এবং সম্প্রতি প্রবাসী কর্মীর সন্তানদের বহু সংখ্যক বৃত্তির আবেদন বিলম্বে সংশ্লিষ্ট শাখায় প্রেরণের বিষয়ে সংশ্লিষ্ট কর্মচারীদের নিকট এর কারণ দর্শানোর নোটিশ জারী করতে হবে।	পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)
৮.০	অনিয়ম ও অভিযোগ।	কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে কোনো প্রকার অনিয়ম ও অভিযোগ পাওয়া গেলে এবং সঠিকতা প্রমানিত হলে তার বিরূদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে এবং তাতে কোনোরূপ সহমর্মিতা প্রদর্শণ করা হবে না। সকলকে সেবার মনোভাব নিয়ে যথাযথ দায়িত্ব পালনের বিষয়ে সভায় আলোচনা হয়।	কর্মকর্তা/কর্মচারীর বিরুদ্ধে কোনো প্রকার অনিয়ম ও অভিযোগ পাওয়া গেলে এবং সঠিকতা প্রমানিত হলে তার বিরূদ্ধে কঠোর শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।	পরিচালক (প্রশাসন ও উন্নয়ন)

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২৩/৭/২০

(মোঃ হামিদুর রহমান)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

অনুলিপি :

১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
২। পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৩। সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৪। উপ-পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ঢাকা।
৫। ডাটাবেইজ এ্যাডমিনিঃ/সিস্টেম এনালিস্ট, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৬। সহকারী পরিচালক, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস (ডিইএমও), -----------------
৭। সহকারী পরিচালক, প্রবাসী কল্যাণ ডেস্ক, হশাআবি, ঢাকা।
৮। সহকারী পরিচালক (সকল) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
৯। উপ-সহকারী পরিচালক (সকল), ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১০। সংশ্লিষ্ট সকল নথি উপস্থাপনকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১১। মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১২। পরিচালক (অর্থ ও কল্যাণ/ (প্রশাসন ও উন্নয়ন) /(আইআরপি) এর ব্যক্তিগত সহকারী, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, ঢাকা।
১৩। মাষ্টার নথি/২০১৯।